দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

005

## আগামীকাল এসএসসি পরীক্ষা শুরু

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

আগামীকাল (বৃহস্পতিবার) হইতে সারাদেশে ৪টি শিক্ষা বোর্ডের এস, এস, সি পরীক্ষা শুরু হইবে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

(২য় পৃঃ দ্রঃ)

## এস,এস,সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

শিক্ষাবোর্ড, ঢাকার কর্মকর্তা সমিতি পৃথক পৃথক বিবৃতিতে পরীক্ষার সম্ভাব্য সকল প্রকার দুর্নীতি, অব্যবস্থা ও নকল প্রবণতার বিরুদ্ধে প্রতিরোধ গড়িয়া তোলার জন্য দেশের শিক্ষক সমাজ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও কর্মচারীদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

মহানগর পুলিশের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, নগরীর ৪৯টি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্রের ২ শত গজের মধ্যে একত্রে ৪ জনের উর্ধ্বে জমায়েত এবং চলাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়। পুলিশ কমিশনার এ, এম, এম নসরুল্লাহ খান মহানগর পুলিশ অধ্যাদেশের ২১ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই আদেশ আগামীকাল (বৃহস্পতিবার) হইতে ৩রা এপ্রিল পর্যন্ত বলবৎ থাকিবে।